

## ১৯তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট

পল এ. ভ্যালোন (Paul A. Vallone) (D, I)

আমার নাম Paul Vallone এবং আমি একজন ডেমোক্রেট গর্বের সাথে NYC কাউন্সিলে প্রার্থী হয়েছি। আজ হতে ১৯ বছর আগে আমার বিবাহ হয়। আমার তিনজন চমৎকার সন্তান রয়েছে এবং ১৮ বছর পূর্বেই আমরা পরিবার নিয়ে এই কমিউনিটিতেই বেড়ে উঠবো বলে বেছে নিয়েছিলাম। আমি নিউ ইয়র্ক সিটি কাউন্সিল নির্বাচনে প্রার্থী হয়েছি পুনরুদ্ধার, পুনর্নির্ধারিত এবং সম্মান-এর জন্য। প্রথমে আমি আমাদের পুনরুদ্ধার কাউন্সিল সীট প্রসঙ্গে আসি। এটি আমাদের সমগ্র ডিস্ট্রিক্ট একটি বিব্রতকর বিষয়। পুনর্নির্ধারিত অখন্ডতা এবং বিশ্বাস-এই শব্দগুলো এখন আর রাজনীতির সাথে যায় না। নির্বাচিত কর্মকর্তা এবং প্রতিনিধিত্বকারী কমিউনিটি একটা পবিত্র বিশ্বাস অবশ্যই থাকতে হবে এবং আমি এই বন্ধন ধরে রাখতে পেরেছি বলে গর্ববোধ করি যা Vallone পরিবার তিন পুরুষ ক্রমে রক্ষা করে চলেছে এবং আমি আমার কমিউনিটিকে সম্মান করি। আমি জীবনের গুণগত মানোন্নয়নে সংগ্রাম করে যাব যে জন্যে আমরা সকলেই সন্তানদের বেড়ে ওঠার জন্য এই কমিউনিটিকেই বেছে নিয়েছি। এর অর্থ হল, আমরা অবশ্যই নিরাপদ থাকব। জননিরাপত্তাবিহীন অবস্থায় আমাদের কী আর থাকতে পারে। আমাদের অবশ্যই অফিসিয়াল খরচের পরিধি বাড়াতে সমর্থন এবং তহবিল সংরক্ষণ করতে হবে যাতে আমাদের পুলিশ বিভাগের আকার শক্তিশালী রূপ পায়। এই কারণে আমি লেফটেন্যান্ট, ডিটেকটিভ ও ফায়ার মার্শাল এসোসিয়েশন প্রভৃতি থেকে অকুন্ঠ সমর্থন পেয়ে অত্যন্ত আনন্দিত। আমাদেরকে আবাসিক সম্প্রদায়ের সংরক্ষণ করে যেতে হবে এবং আমাদের স্কুল ডিস্ট্রিক্টগুলোকে সিটিতে সেরা অবস্থানে রাখতে হবে। আমাদেরকে অবশ্যই কর-এর মাত্রা কমিয়ে আনতে হবে এবং ক্ষুদ্র ক্ষুদ্র ব্যবসাকে বাঁচিয়ে রাখতে হবে। কতটুকু বর্ধিত, নিরুপন, পানি ও পয়ঃনিষ্কাশন, টিকেটগুলো এবং জরিমানা-এত কিছু কি একটি ক্ষুদ্র ব্যবসায়ী বা একটি বাড়ির মালিকের পক্ষে বহন সম্ভব? আমি আপনাদের অনেকের সঙ্গে গর্বের সাথে আমাদের ইওথ স্পোর্টস প্রোগ্রামে কাজ করছি কমিউনিটি বোর্ড নং ৭ এর সদস্য হিসেবে; বে সাইড হোয়াইট স্টোন লায়নস ক্লাবের প্রতিষ্ঠাতা প্রেসিডেন্ট হিসেবে এবং ক্লিনটন ডেমোক্রেটিক ক্লাব এর একজন সদস্য হিসেবে সেবা প্রদান করেছি। আমাকে আমাদের ডিস্ট্রিক্ট নেতৃত্ব, স্থানীয় নির্বাচিত-কর্মকর্তাগণ এবং আমাদের কুইনস্ ডেমোক্রেটিক পার্টি যেভাবে আমাদের প্রচারণায় সমর্থন ও সহযোগিতা করে আমাকে সম্মানিত করেছে তা অভূতপূর্ব। এই হচ্ছে একতা এবং শক্তি যা আমি আমাদের কমিউনিটিতে এনেছি। আসুন এক সাথে আমরা NYC কাউন্সিল সীটটি পুনরুদ্ধার করি।

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*

১৯তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট

ডেনিস সাফ্রান (Dennis Saffran) (R, C, REF)

হাই, আমি Dennis Saffran। আমার স্ত্রী Jane ও আমি ১৫ বছর ধরে নর্থইষ্ট কুইন্স এ বসবাস করছি, এখানে আমাদের সন্তানদেরকে বড় করেছি এবং কমিউনিটিতে সক্রিয় ছিলাম। যে কারণে আমি সিটি কাউন্সিলের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছি তা হল এখানে আমরা যারা আছি তাদের নিরাপদ ও গুণগত মানসম্পন্ন জীবনযাত্রা নিশ্চিত করা। Rudy Giuliani এর এন্টি ক্রাইম এবং কোয়ালিটি অব লাইফ রিফর্মস আদর্শকে সহায়ক করে আমি একটি জনহিতকর গ্রুপ গঠন করে আমাদের প্রতিবেশীদের নিরাপদ জীবনযাত্রা আনমনে সমর্থ হয়েছিলাম এবং এই সংস্কারমূলক কাজগুলো মাথায় রেখে আমি এই সিটিকে গড়ে তুলতে চাই। আমি অত্যন্ত দৃঢ়তার সাথে Ray Kelly এর “Stop and Frisk” নীতি সমর্থন করি। অবশ্যই এই স্টপ হতে হবে ভদ্রজনোজিত এবং মার্জিত। কিন্তু শেষ কথা হলো তারা রাস্তা থেকে বন্দুক সরিয়ে জীবন রক্ষা করেছে। আমি অত্যন্ত জোবের সাথে এন্টাই প্রফাইলিং বিল এর বিরোধিতা করছি যার ফলে পুলিশেরা সন্দেহভাজন অপরাধীদের চিহ্নিত করতে বাধাপ্রাপ্ত হচ্ছে। প্রতিটি সমাজ সেবামূলক সংগঠনের প্রতি অবশ্যই আমাদের সমর্থন আছে, এবং শ্রদ্ধাবোধ আছে কিন্তু তাই বলে সাধারণ বিবেকবোধকে পদদলিত করতে বা আইন প্রয়োগকারী সংস্কার বিনাশ ঘটাতে পারিনা। অনাগরিকদের ভোটারাধিকার বিলেরও আমি কড়ের বিরোধী। আমি ইমিগ্রেশনে বিশ্বাসী কিন্তু এই বিলটি আমেরিকান সিটিজেনসিপের ধারণার উপর একটি আক্রমণ যা ইমিগ্রেশন জাতি হিসাবে আমাদেরকে এক বন্ধনে বেধে রেখেছে। আমাদের জীবন যাত্রার গুণগত মানের সংরক্ষণ করার অর্থ উন্নতমানের শিক্ষা ব্যাবস্থাকেও বুঝায় এতে কোন সন্দেহ নেই। স্কুল ডিস্ট্রিক্ট ২৫ ও ২৬ কে পর্যাপ্ত আর্থিক সহায়তার জন্য আমি লড়ে যাব, এবং নগরীর বিশেষ ধরনের বিদ্যালয়গুলোকে আইনী মার প্যাছের হাত থেকে রক্ষার্থে আমি সাধ্যতীত চেষ্টা চালিয়ে যাব যাতে এই সকল স্কুলে ভর্তিচ্ছু শিশুরা আরোপিত সাম্প্রদায়িক কোটা নীতির কারণে কঠোর পরিশ্রম করে আসছে। সর্বোপরি, দুদলেই যখন কলঙ্ক রয়েছে, আমি অখন্ডতার ঐতিহ্য পুনরুদ্ধার করতে চাই যাহা আমার রাজনৈতিক বিজ্ঞ পরামর্শদাতাগণ, রিপাবলিকান সিনেটর Frank Padavan, এবং ডেমোক্রেটিক এসেম্বলী ওম্যান Nettie Mayersohn, এবং তারা এমন কঠোর ভাবে কাজ করবেন যেমন তারা আমাদের কমিউনিটির জন্য করেছিলেন।

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*